

শাবিতে শিক্ষকদের দেওয়া তালা ভাঙল ছাত্রলীগ

■ সিলেট ব্যারো ও শাবি প্রতিনিধি
সিলেটে শাহজালাল বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়ের (শাবি) ভিসি প্রফেসর ড. আমিনুল হক ভূইয়ার অপসারণ দাবিতে আওয়ামীপন্থি শিক্ষকদের একাংশের আন্দোলন অব্যাহত রয়েছে। গতকাল মঙ্গলবার দ্বিতীয় দিনের মতো তারা দিনভর ভিসি ভবনে তালা ঝুলিয়ে অবস্থান কর্মসূচি পালন করেন। এদিন তারা পরীক্ষা নিয়ন্ত্রক ভবনেও তালা দেন। তবে দুপুরে সাধারণ শিক্ষার্থীদের নামে ছাত্রলীগের নেতাকর্মীরা গিয়ে পরীক্ষা নিয়ন্ত্রক ভবনে দেওয়া তালা ভেঙে আন্দোলনকারীদের বিরুদ্ধে উল্টো বিক্ষোভ প্রদর্শন করে। এদিন কার্যালয়ে না আসায় বিকেলে আন্দোলনরত শিক্ষকরা ভিসির বাসভবনে গিয়ে তাকে পদত্যাগের অনুরোধ জানান।

দু'মাসের ছুটি শেষে দায়িত্ব গ্রহণ করেই ভিসি বিশ্ববিদ্যালয়ের প্রক্টরিয়াল বডি পুনর্গঠন করেন। এরপর গতকাল ছাত্র উপদেষ্টা ও নির্দেশনা পরিচালক এবং বঙ্গবন্ধু হলের প্রভোস্ট পদে নতুন দু'জনকে দায়িত্ব দেওয়া হয়েছে। বিশ্ববিদ্যালয়ের ছাত্র উপদেষ্টা ও নির্দেশনা পরিচালকের দায়িত্ব পেয়েছেন গণিত বিভাগের প্রফেসর ড. রাশেদ আলুকদার এবং বঙ্গবন্ধু হলের প্রভোস্টের দায়িত্ব পেয়েছেন রাষ্ট্রবিজ্ঞান বিভাগের সহযোগী অধ্যাপক ড. হাসান জাকিরুল ইসলাম।

প্রত্যক্ষদর্শীরা জানান, সোমবার খুব সকালে ভিসি প্রফেসর ড. আমিনুল হক ভূইয়া কার্যালয়ে এসে দায়িত্ব গ্রহণ করায় মঙ্গলবার সকাল ৮টা থেকেই তালা দিয়ে অবস্থান কর্মসূচি শুরু করেন আন্দোলনকারী 'মহান মুক্তিযুদ্ধের চেতনায় উদ্বুদ্ধ শিক্ষক পরিষদের' সদস্যরা। পরিষদের আহ্বায়ক প্রফেসর ড. সৈয়দ শামসুল আলমের নেতৃত্বে আন্দোলনকারীরা এদিন ভিসি ভবনের পাশাপাশি পরীক্ষা নিয়ন্ত্রক ভবনেও তালা ঝুলিয়ে দেন।

এদিকে ছাত্রলীগ নয়, সাধারণ শিক্ষার্থীরা তালা ভেঙেছে দাবি করে সংগঠনের বিশ্ববিদ্যালয় শাখার সহসভাপতি অঞ্জন রায় বলেন, পরীক্ষা নিয়ন্ত্রক ভবনে তালা দেওয়ায় দূরদূরান্তের অনেকে এসে বিপদে পড়ে যান। তারা সার্টিফিকেট সংগ্রহ থেকে শুরু করে অনেক কাজই করতে পারছিলেন না। এ অবস্থায় সাধারণ শিক্ষার্থীরা বিক্ষুব্ধ হয়ে পরীক্ষা নিয়ন্ত্রক ভবনের তালা ভেঙে ফেলে। উদ্ভূত পরিস্থিতিতে তাদের ভূমিকা প্রসঙ্গে বিশ্ববিদ্যালয় ছাত্রলীগের সাধারণ সম্পাদক ইমরান খান বলেন, শ্রেষ্ঠ শিক্ষক প্রফেসর ড. মুহাম্মদ জাফর ইকবালের নাম ভাঙিয়ে কতিপয় স্বার্থায়েষী শিক্ষকদের আন্দোলনের ফলে শিক্ষা কার্যক্রম যাতে ব্যাহত না হয়, সেজন্য আমরা সাধারণ শিক্ষার্থীকে সর্বাধিক সহযোগিতা করব।

এদিকে বিকেল ৪টা পর্যন্ত ভিসি ভবনে তালা দিয়ে অবস্থান কর্মসূচি পালনের পর আন্দোলনরত শিক্ষকরা বাসভবনে গিয়ে ভিসির সঙ্গে সাক্ষাৎ করেন। 'মহান মুক্তিযুদ্ধের চেতনায় উদ্বুদ্ধ শিক্ষক পরিষদের' আহ্বায়ক প্রফেসর ড. সৈয়দ শামসুল আলম ছাড়াও এ সময় উপস্থিত ছিলেন জনপ্রিয় লেখক প্রফেসর ড. মুহাম্মদ জাফর ইকবালের সহধর্মিণী পদার্থবিজ্ঞান বিভাগের প্রফেসর ড. ইয়াসমিন হক, রসায়ন বিভাগের প্রফেসর ড. মোহাম্মদ ইউনুস, সৈয়দ মুজতবা আলী হলের প্রভোস্ট সহযোগী অধ্যাপক ফারুক উদ্দিন প্রমুখ।